

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى صبِحَّةِ مَا ذَكَرْنَاهُ قَبْلُ

## আরবী

2120 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّتَنَا الْحَسَنُ بِن سهيل الْجَعْفَرِيُّ قَالَ: حَدَّتَنَا الْحَسَنُ بِن عَبْدِ الرَّحْمَنِ بْنِ حُمَيْدٍ أَبُو عَوْفٍ الرُّوَّاسِي عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ حُمَيْدُ أَبُو عَوْفٍ الرُّوَّاسِي عَنْ أَبِيهِ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الظُّهْرِ وَهُوَ جَالِسٌ وَأَبُو بَكْرٍ خُلُوهُ فَإِذَا كَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَبَّرَ أَبُو بَكْرٍ يُسْمِعُنَا. قَالَ فَنَظَرَنَا قِيَامًا خَلُفَهُ فَإِذَا كَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَبَّرَ أَبُو بَكْرٍ يُسْمِعُنَا. قَالَ فَنَظَرَنَا قِيَامًا فَقَالَ: اجْلِسُوا لَ أَوْمَا بِذَلِكَ إِلَيْهِمْ لَ قَالَ: فَجَلَسْنَا فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ: (كِدْتُمْ فَقَالَ: اجْلِسُوا لَ أَوْمَا بِذَلِكَ إِلَيْهِمْ لَ قَالَ: فَجَلَسْنَا فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ: (كِدْتُمْ فَقَالَ: اجْلِسُوا لَ أَوْمَا بَعْظَمَائِهِمْ الْتُمُوا بِأَئِمَّتِكُمْ فَإِنْ صَلَوا جُلُوسًا فَصَلُوا قِيامًا) وَلِي صَلُوا قِيَامًا فَصَلُوا قِيامًا

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2120 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (619)

## বাংলা

২১২০. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ হলে আমরা তাঁর পিছনে সালাত আদায় করি। এসময় তিনি বসে সালাত আদায় করছিলেন। আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু তার পিছে ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাকবীর দিতেন, তখন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের শুনিয়ে তাকবীর দিতেন।

রাবী বলেন, যখন তিনি আমাদেরকে দাঁড়ানো দেখতে পেলাম। অতঃপর তিনি আমাদেরকে বললেন, "তোমরা বসে সালাত আদায় করো।" –এটা তিনি তাদেরকে ইশারায় বলেছিলেন– রাবী বলেন, "ফলে আমরা বসে পড়লাম।



অতঃপর যখন সালাম ফেরালেন, তখন বলেন, "তোমরা তো প্রায় পারসিক ও রোমকদের মতো করছিলে, তারা যেমনটা তাদের রাজা-বাদশাদের সাথে করে। তোমরা তোমাদের ইমামদের অনুসরণ করবে। যদি তিনি দাঁড়িয়ে সালাত আদায় করেন, তবে তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করবে। আর যদি বসে সালাত আদায় করেন, তবে তোমরাও বসে সালাত আদায় করবে।"[1]

## ফুটনোট

[1] আবূ দাউদ: ৬০৬; মুসনাদ আহমাদ: ৩/৩৩৪; সহীহ মুসলিম: ৪১৩; নাসাঈ: ৩/৯; ইবনু মাজাহ: ১২৪০; আবূ আওয়ানা: ২/১০৮; সুনান বাইহাকী: ৩/৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন